

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-২ অধিশাখা
www.mofl.gov.bd

ADU
২০/১০/১৮
২০/১০/১৮

নথি নং-৩৩.০১.০০০০.১১৮.২৪.৪৬৭.১৭-৮১৭


০৬ পৌষ ১৪২৫
তারিখঃ -----
২০ ডিসেম্বর, ২০১৮

বিষয়ঃ প্রাণি খাদ্যে ঝুঁকি পূর্ণ খাদ্য উপকরণ Meat and Bone Meal (প্রাণিজাত Protein meal এবং Protein Concentrate সহ) বিদেশ থেকে আমদানি আবশ্যিকভাবে বন্ধ রাখা এবং সুযম পশু খাদ্য প্রস্তুতে Fish Meal ব্যবহার বৃদ্ধি করা এবং বিকল্প অন্যান্য উদ্ভিজ্জ প্রাণিখাদ্য উপকরণ ও খনিজ ব্যবহার করে প্রাণিখাদ্য প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্রঃ ১। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৩৩.০১.০০০০.১১৮.২৪.৪৬৭.১৭-৪৯৯ তারিখঃ ২৪/০৭/২০১৮।
২। প্রাণিসম্পদ অধিদপ্তরের স্মারক নং-৩৩.০১.০০০০.১১২.৯৯.৩৮৬.১৮-৮৩২ তারিখঃ ০৪/১০/২০১৮।

উপর্যুক্ত বিষয়ের ও ২নং সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের পশু খাদ্যের গুণগত মান, দাম, সামাজিক ও ধর্মীয় বিষয়াদি বিবেচনায় নিয়ে প্রাণি খাদ্যে ঝুঁকি পূর্ণ খাদ্য উপকরণ Meat and Bone Meal (প্রাণিজাত Protein meal এবং Protein Concentrate সহ) বিদেশ থেকে আমদানি করা আবশ্যিকভাবে বন্ধ রাখার জন্য নির্দেশনা প্রদান করা হলো। সে ক্ষেত্রে সুযম পশু খাদ্য প্রস্তুতে Fish Meal ব্যবহার বৃদ্ধি করা এবং বিকল্প অন্যান্য উদ্ভিজ্জ প্রাণিখাদ্য উপকরণ Soyabean meal, DDGS, Corn gluten meal, rape seed meal আমদানি ও প্রয়োজন মতো এমাইনো এসিডস এবং খনিজ পদার্থ (ক্যালসিয়াম ও ফসফরাস) মিশিয়ে প্রাণিখাদ্য প্রস্তুত কিংবা বিজ্ঞান সম্মতভাবে প্রস্তুত, নিরাপদ খাদ্যমান ও সামগ্রিকভাবে গ্রহণযোগ্য এমন খাদ্য প্রস্তুত/প্যাকিং ও বাজারজাতকরণে উৎসাহিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যেও নির্দেশক্রমে নির্দেশনা প্রদান করা হলো।

২.০। একই সাথে আমদানি নীতি আদেশসহ সংশ্লিষ্ট অন্যান্য বিধি বিধানে প্রয়োজনীয় সংশোধনের নিমিত্ত সুস্পষ্ট প্রস্তাব প্রেরণের জন্যেও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(নিগার সুলতানা)
উপসচিব

ফোনঃ ৯৫৭৬৬৯৮

e-mail: livestock-2@mofl.gov.bd

✓ মহাপরিচালক (চঃ দাঃ)
প্রাণিসম্পদ অধিদপ্তর
খামারবাড়ী সড়ক
ফার্মগেট, ঢাকা।